

## শিক্ষাক্ষেত্রে অবদান রাখার জন্য পাঁচ শিক্ষককে সম্মাননা পদক প্রদান

স্টাফ রিপোর্টার ॥ শিক্ষা-  
ক্ষেত্রে বিভিন্ন স্তরে  
অবদান রাখার জন্য পাঁচ  
শিক্ষককে "জাতীয়  
শিক্ষক দিবস সম্মাননা  
পদক ২০০৩" প্রদান  
করা হয়েছে।  
রবিবার বিয়াম মিলন-  
ায়তনে জাতীয় শিক্ষক  
দিবসের উদ্বোধনী  
অনুষ্ঠানে রাষ্ট্রপতি  
অধ্যাপক ইয়াসুউদ্দিন



শিক্ষার সচিব

আহমেদ শিক্ষকদের মাঝে এই পদক প্রদান করেন। এ  
সময় জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে নির্বাচিত শ্রেষ্ঠ শিক্ষক  
ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের হাতে পুরস্কার তুলে  
দেয়া হয়।  
জাতীয় শিক্ষক দিবস সম্মাননা পদকপ্রাপ্ত পাঁচ শিক্ষক  
হলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য  
অধ্যাপক আবুল কালাম মোঃ আমিনুল হক (বিশ্ববিদ্যালয়  
(৭-পৃষ্ঠা ৫-এর কঃ দেবন)

### শিক্ষাক্ষেত্রে অবদান (৮-এর পাঠ্য পর)

পর্যায়ে), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরের  
মহাপরিচালক অধ্যাপক রাশিদা বেগম (কলেজ পর্যায়ে),  
আইডিয়াল স্কুল ও কলেজের সাবেক অধ্যক্ষ মোঃ ফয়সুল  
রহমান (স্কুল পর্যায়ে), কারিগরি শিক্ষা অধিদফতরের  
সাবেক মহাপরিচালক হামিদ আলী শাহ (কারিগরি শিক্ষা)  
এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের সাবেক রেজিস্ট্রার অধ্যাপক  
আইয়ুব আলী (মাদ্রাসা পর্যায়ে)।  
কলেজ পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষক হিসাবে নির্বাচিত হয়েছেন  
নটর ডেম কলেজের পদাধিকারীর অধ্যাপক সুশান্ত  
কুমার সরকার। শিক্ষা সচিব শহীদুল ইসলামের  
সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী সভায় বিশেষ অতিথি  
ছিলেন শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক, শিক্ষা প্রতিমন্ত্রী  
আনাম এহসানুল হক মিলন, শিক্ষা উপমন্ত্রী মোঃ আব্দুস  
সালাম পিটু প্রমুখ।